

আরও বিস্তৃত হলো এমিরেটস- এয়ার কানাডা কোডশেয়ার পার্টনারশীপ

- A Monitor Desk Report

Date: 17 August, 2023



দুবাইঃ এমিরেটস ও এয়ার কানাডার মধ্যে বর্তমানে যে কোডশেয়ার পার্টনারশীপ রয়েছে তা আরও জোরদার হলো। এখন থেকে কানাডার মন্ট্রিয়ালে পরিচালিত ফ্লাইটগুলোর ক্ষেত্রে এই পার্টনারশীপ কার্যকর হবে। এর ফলে এমিরেটস যাত্রীরা সিঙ্গেল টিকিটে কানাডার জনপ্রিয় এগারোটি গন্তব্যে মন্ট্রিয়াল থেকে এয়ার কানাডায় ভ্রমণ করতে পারবেন। একই সঙ্গে কানাডার এসকল গন্তব্য থেকে এয়ার কানাডার যাত্রীরাও মন্ট্রিয়াল থেকে এমিরেটস ফ্লাইটে তার বিশ্বব্যাপী নেটওয়ার্কে ভ্রমণের সুযোগ পাবেন।

এছাড়াও এয়ার কানাডার সঙ্গে ইন্টারলাইন চুক্তির ফলে এমিরেটস যাত্রীরা ভায়া মন্ট্রিয়াল এয়ার কানাডায় অতিরিক্ত ৬৯টি গন্তব্যে ভ্রমণ সুবিধা পাবেন। ইতোপূর্বে এয়ার কানাডার সঙ্গে কোডশেয়ার চুক্তির অধীনে এমিরেটস যাত্রীরা ভায়া টরন্টো ১৯টি গন্তব্যে, এবং ইন্টারলাইন চুক্তির অধীনে অতিরিক্ত ১০০টি গন্তব্যে ভ্রমণ সুবিধা পাচ্ছিলেন।

এমিরেটস ও এয়ার কানাডার কোডশেয়ার চুক্তির ফলে বাংলাদেশ থেকে কানাডা গমনকারী যাত্রীরা এবং কানাডার বিভিন্ন স্থান থেকে বাংলাদেশে আগমনকারীরা ভায়া টরন্টো এবং মন্ট্রিয়াল সিঙ্গেল টিকিটে নির্বঙ্কিতে ভ্রমণ সুবিধা পাবেন।

কোডশেয়ার চুক্তির অধীনে সিঙ্গেল টিকিটে ভ্রমণ করা ছাড়াও উভয় এয়ারলাইনেই একই ব্যাগেজ সুবিধা এবং সুবিধাজনক ব্যাগেজ চেকথু সেবা পাবেন। তবে, ব্যাগেজ চেক-থু সেবা শুধুমাত্র কানাডা থেকে পাওয়া যাবে।

এমিরেটস লয়্যালটি প্রোগ্রাম ‘ফ্লাইওয়ার্ডস’ সদস্যরা উভয় এয়ারলাইনে ভ্রমণ ভ্রমণ করলেও তাদের জন্য নির্ধারিত মাইল (পয়েন্ট) সুবিধা পাবেন, যার মাধ্যমে তারা পরবর্তীতে উভয় এয়ারলাইন থেকেই বিভিন্ন সুবিধা নিতে পারবেন।

আরও পড়ুন: [লন্ডন হিথ্রোতে এমিরেটসের অতিরিক্ত ৫টি সাপ্তাহিক ফ্লাইট](#)

এমিরেটস বর্তমানে মন্ট্রিয়ালে দৈনিক ফ্লাইট পরিচালনা করছে। ঢাকায় পরিচালিত এমিরেটস ফ্লাইটের সংখ্যা সপ্তাহে বর্তমানে ২১টি।

